**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 11-08-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা পুঁথিগত শিক্ষার পাশাপাশি খেলাধুলা সহ বিভিন্ন সামাজিক কাজে যুক্ত থাকার জন্য ছাত্র-ছাত্রীদের পরামর্শ দিয়েছেন।**

**(২) ওবিসি কল্যাণ মন্ত্রী সান্ত্বনা চাকমা বলেছেন, রাজ্য সরকার অন্যান্য পশ্চাদপদ শ্রেণী সম্প্রদায়ের জনগণের আর্থ সামাজিক মানোন্নয়নে অগ্রাধিকার দিয়ে কাজ করছে।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নতুন দিল্লিতে সাংসদদের জন্য নবনির্মিত ১৮৪টি বহুতল ফ্ল্যাটের উদ্বোধন করেছেন।**

**(৪) হর ঘর তিরঙ্গা কর্মসূচির অঙ্গ হিসাবে আগামীকাল আগরতলায় রাজ্যভিত্তিক তিরঙ্গা র‍্যালি অনুষ্ঠিত হবে।**

*************************************

**CM-Bishalgarh :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা পুঁথিগত শিক্ষার পাশাপাশি খেলাধুলা সহ বিভিন্ন সামাজিক কাজে যুক্ত থাকার জন্য ছাত্র-ছাত্রীদের পরামর্শ দিয়েছেন। আজ বিশালগড় টাউন হলে বিবেকানন্দ শিশু নিকেতনের নবীন বরণ, কৃতি সংবর্ধনা ও বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠানের উদ্বোধনী ভাষণে তিনি এই পরামর্শ দেন। তিনি প্রাইভেট টিউশনের উপর নির্ভর না করতে ছাত্রছাত্রীদের পরামর্শ দেন।

#######Byte-CM#######

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিনেত্রী সুপ্রিয়া দাস দত্ত, ত্রিপুরা শিল্প উন্নয়ন নিগমের চেয়ারম্যান নবাদল বণিক, মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি ধনঞ্জয় গণচৌধুরী প্রমুখ।

*****************************

**OBC Review Meeting :**

ওবিসি কল্যাণ মন্ত্রী সান্ত্বনা চাকমা বলেছেন, রাজ্য সরকার অন্যান্য পশ্চাদপদ শ্রেণী সম্প্রদায়ের জনগণের আর্থ সামাজিক মানোন্নয়নে অগ্রাধিকার দিয়ে কাজ করছে। আজ প্রজ্ঞাভবনে এক রাজ্যভিত্তিক পর্যালোচনা সভায় তিনি একথা বলেন। তিনি বলেন, রাজ্য সরকারের লক্ষ্য হলো-সবকা সাথ, সবকা বিকাশ, সবকা প্রয়াস ও সবকা বিশ্বাস। এই মূল মন্ত্রকে সামনে রেখে দপ্তরের আধিকারিক ও কর্মচারিগণকে দায়িত্ব নিয়ে ওবিসি জনগণের কাছে কেন্দ্রীয় ও রাজ্য সরকারের প্রকল্পগুলি পৌঁছে দিতে হবে।

তিনি আরো বলেন, ওবিসি জনগণের কল্যাণে আরও কি কি কর্মসূচি নেওয়া যায় সে বিষয়ে রাজ্য সরকার চিন্তাভাবনা করছে। ওবিসি সম্প্রদায়ের সার্বিক কল্যাণে ওবিসি সাব কমিটির চেয়ারম্যানদের স্থানীয় মহকুমা প্রশাসন ও নগর সংস্থার সঙ্গে সমন্বয় রেখে কাজ করতে হবে। রাজ্যের যে সমস্ত জায়গায় ওবিসি হোস্টেলের প্রয়োজন রয়েছে তা খতিয়ে দেখে দিল্লিতে প্রস্তাব পাঠানো হবে। তিনি ঋণ গ্রহীতাদের সময়মতো ঋণ পরিশোধ করার আহ্বান জানিয়েছেন।

****************************

**90 Years of Akashvani :**

আকাশবাণীর ৯০ বছর পূর্তি উদ্‌যাপন উপলক্ষে আকাশবাণী আগরতলা কেন্দ্রের উদ্যোগে আজ এক সঙ্গীত সন্ধ্যার আয়োজন করা হয় সুকান্ত একাডেমিতে। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ওড়িশা হাইকোর্টের অবসরপ্রাপ্ত প্রধান বিচারপতি শুভাশিস তলাপাত্র, আকাশবাণী গুয়াহাটির Additional Director General আশিস ভাটনাগর সহ আকাশবাণী ও দুরদর্শনের আধিকারিকরা। শ্রী ভাটনাগর বলেন আকাশবাণীর এই ৯০

বছরের যাত্রা শ্রোতাদের ভালোবাসা, শিল্পীদের নিষ্ঠা এবং কর্মীদের পরিশ্রমে সমৃদ্ধ হয়েছে। আজকের এই আয়োজন সেই ঐতিহ্যকে স্মরণ করে নতুন প্রজন্মের কাছে পৌঁছে দেওয়ার এক প্রয়াস। আকাশবাণীর ঐতিহ্য তুলে ধরে শ্রোতাদের কাছে আরো বেশি করে আকাশবাণীর প্রতিটি অনুষ্ঠান জনপ্রিয় করে তোলার আহ্বান জানান শ্রী ভাটনাগর। অবসরপ্রাপ্ত প্রধান বিচারপতি শুভাশিস তলাপাত্র আকাশবাণীর ঐতিহ্য, বিশেষ করে আকাশবাণী আগরতলা কেন্দ্রের তথ্য নিষ্ঠ সংবাদের জনপ্রিয়তা ও গ্রহণযোগ্যতার কথা উল্লেখ করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আকাশবাণী আগরতলা কেন্দ্রের কেন্দ্র প্রধান B. Charakpalli. অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন আকাশবাণী আগরতলা কেন্দ্রের কার্যক্রম প্রধান জয়শ্রী দেববর্মা। অনুষ্ঠানে রেইজ অ্যাপ তৈরির জন্য আকাশবাণীর অরূপ রায় বর্মণ, অরিন্দম চৌধুরি ও শুভ্রজিত দেবরায়কে সংবর্ধনা দেওয়া হয়। এদিনের অনুষ্ঠানে সঙ্গীত পরিবেশনায় অংশ নিয়েছেন সুশোভন ভট্টাচার্য এবং পারমিতা রিয়াং। এর আগে আজ দুপুরে আকাশবাণী গুয়াহাটির Additional Director General আশিস ভাটনাগর আকাশবাণী আগরতলা ও দুরদর্শন ত্রিপুরার সমস্ত আধিকারিক ও কর্মীদের সঙ্গে বৈঠক করেন।

******************************

**Biswabandhu Sen :**

বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেনকে উন্নত চিকিৎসার জন্য আজ এয়ার অ্যাম্বুলেন্সে করে ব্যাঙ্গালুরুর আস্ট্যার সি এম আই হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে। সম্প্রতি আগরতলার রেলষ্টেশনে মস্তিষ্কে রক্তক্ষরণের কারণে তিনি গুরুতর অসুস্থ হয়ে পড়েন। আগরতলায় একটি বেসরকারী হাসপাতালে তাঁর মস্তিষ্কে অস্ত্রোপচার করা হয়। গতকাল আগরতলায় বেসরকারী হাসপাতালে এসে নয়াদিল্লির অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব মেডিকেল সায়েন্সেস-এর দুজন বিশেষজ্ঞ চিকিৎসক অধ্যক্ষ শ্রী সেনের শারীরিক অবস্থা পর্যবেক্ষণ করেন।

******************************

**Voice Over–Harghar Tiranga 2nd phase :**

দেশপ্রেমের চিন্তাচেতনা নবীন প্রজন্মের মধ্যে ছড়িয়ে দিতে সারা দেশে প্রতি ঘরে ত্রিবর্ণ রঞ্জিত পতাকা উত্তোলনের আহ্বান ছিলো প্রধানমন্ত্রীর। সেইসূত্রেই হরঘর তিরঙ্গা কর্মসূচি রূপায়ণে তিনপর্যায়ে বর্ণময় নানা পদক্ষেপ নেওয়া হয়েছে। বর্তমানে এরই দ্বিতীয় পর্যায়ের কর্মসূচিতে রাজ্যেও উৎসাহের জোয়ার। একটি প্রতিবেদন।

#######VC######

*****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

***************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুন দিল্লির বাবা খড়ক সিং মার্গে সাংসদদের জন্য ১৮৪টি নবনির্মিত টাইপ-সেভেন বহুতল ফ্ল্যাটের উদ্বোধন করেছেন। অনুষ্ঠানে শ্রী মোদী বলেন, একবিংশ শতাব্দীর ভারত উন্নয়নের জন্য আগ্রহী কারণ দেশ তার দায়িত্বের প্রতি সংবেদনশীল। তিনি বলেন, বিভিন্ন রাজ্যের

সাংসদরা এই বাড়িগুলিতে একসঙ্গে থাকবেন। যা এক ভারত, শ্রেষ্ঠ ভারতের চেতনার প্রতীক। এই বহুতল ফ্ল্যাটের চারটি টাওয়ারের নামকরণ করা হয়েছে দেশের মহান নদী-কৃষ্ণা, গোদাবরী, কোশী এবং হুগলির নামে, যা কোটি কোটি মানুষকে জীবনের যোগান দেয়। শ্রী মোদী বলেন, এই বহুতল ভবনে ১৮০ জনেরও বেশি সাংসদ একসঙ্গে বসবাস করতে পারবেন।

প্রধানমন্ত্রী আবাসন কমপ্লেক্সে সৌরশক্তিচালিত পরিকাঠামো অন্তর্ভুক্তির বিষয়টি তুলে ধরে তিনি বলেন, ভারতের ধারাবাহিক সুস্থায়ী উন্নয়নের দৃষ্টিভঙ্গি, সৌরশক্তিতে দেশের সাফল্যের মাধ্যমে প্রতিফলিত হয়। আধুনিক কাঠামোগত নকশার নিয়ম অনুসারে কমপ্লেক্সের মধ্যে সমস্ত ভবন ভূমিকম্প-প্রতিরোধক হিসাবে নির্মিত।

#######Byte-PM######

****************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩১-শে আগস্ট, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১২৫তম পর্ব। বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও "মন-কি-বাত" সম্প্রচারিত হবে। হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

*****************************

**NH 108B :**

পূর্ত দপ্তরের সচিব কিরণ গিত্যে আজ আকাশবাণীকে জানিয়েছেন, খোয়াই মহকুমার দুটি জাতীয় সড়কের সংস্কারের কাজ আগামী ২ মাসের মধ্যে শেষ করার জন্য ভারত সরকারের জাতীয় সড়ক নির্মাণকারী সংস্থার পরিচালন অধিকর্তা ডঃ কৃষাণ কুমার সংশ্লিষ্ট এজেন্সিকে নির্দেশ দিয়েছেন। ডঃ কৃষাণ কুমার আজ রাজ্যে চারটি জাতীয় সড়কের নির্মাণ ও সংস্কারের কাজ পরিদর্শন করেন।

***************************

**Independence Day-Unakoti :**

আসন্ন ৭৯তম স্বাধীনতা দিবস'কে সামনে রেখে ঊনকোটি জেলাতেও উৎসাহের সঙ্গে প্রশাসনিক প্রস্তুতিপর্ব চলছে। নির্বিঘ্নে ও শান্তিপূর্ণভাবে স্বাধীনতা দিবস পালনের লক্ষ্যে জেলার নানাস্থানে যানবাহন চেকিং এর কাজ চলছে। ঊনকোটি জেলার জেলা শাসক ডক্টর তমাল মজুমদার আজ এক সাক্ষাৎকারে জানান, আনন্দঘন পরিবেশে স্বাধীনতা দিবস পালনের প্রস্তুতি চলছে। সীমান্তে এলাকায় বি.এস.এফের নজরদারি বাড়ানো হয়েছে।

*****************************

**Power Sub Station :**

বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ আজ কমলপুর মহকুমার দুর্গা চৌমুহনীতে ৩৩ কেভি ক্ষমতাসম্পন্ন বিদ্যুৎ সাব-স্টেশনের উদ্বোধন করেন। তিনি বলেন, এই সাব-স্টেশনটি স্থাপনের ফলে ১০ হাজারেরও বেশি ভোক্তা উপকৃত হবেন। দুর্গা চৌমুহনী, হালাহালী, কুচাইনালা, চুলুবাড়ী, বামনছড়া, ধনচন্দ্র, মহাবীর, চেত্রাই, দেবীছড়া প্রভৃতি এলাকায় এই সাব-স্টেশন থেকে বিদ্যুৎ সরবরাহ করা হবে। উপস্থিত ছিলেন বিধায়ক মনোজ কান্তি দেব ও স্বপ্না দাস পাল। এই সাব-স্টেশনটি নির্মাণে ব্যয় হয়েছে ৯ কোটি ৭৬ লক্ষ টাকা।

****************************

**LOP Programme :**

বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী আজ সাব্রুমের রতনমনি ভিলেজ এলাকা পরিদর্শন করে স্থানীয় জনগনের সঙ্গে কথা বলেন। তিনি রতনমনিতে উপজাতি গনমুক্তি পরিষদের ১৩তম অঞ্চল সম্মেলনেও বক্তব্য রাখেন।

***********************

**Chief Minister Medal :**

রাজ্যের আরক্ষা বিভাগের বিভিন্ন ক্ষেত্রে অসাধারণ সাফল্যের জন্য স্বরাষ্ট্র দপ্তর মুখ্যমন্ত্রীর পদকের জন্য ১৪ জন পুলিশ অফিসারের নাম অনুমোদন করেছে। তারা হলেন রাজ্য পুলিশের ডিআইজি কৃষ্ণেন্দু চক্রবর্তী, ট্রাফিক পুলিশের এসপি কান্তা জানগীর, ঊনকোটি জেলার অতিরিক্ত পুলিশ সুপার জেরেমিয়া ডার্লং, সাইবার ক্রাইমের অতিরিক্ত পুলিশ সুপার নির্দেশ দেব, কৈলাশহরের এস.ডি.পি.ও জয়ন্ত কর্মকার, গন্ডাছড়ার এস.ডি.পি.ও সৌগত চাকমা, স্পেশাল ব্রাঞ্চের অতিরিক্ত পুলিশ সুপার রাজু রিয়াং, টি.এস.আরের তৃতীয় ব্যাটেলিয়ানের সুবেদার জয়প্রকাশ যাদব, স্পেশাল ব্রাঞ্চ এর এস.আই দেবজিৎ ভট্টাচার্য, পুলিশ প্রশিক্ষণ কেন্দ্রের এস.আই শংকর রুদ্র পাল, টি.এস.আর ১৩ ব্যাটেলিয়ানের নায়ক সুবেদার রাকেশ দেববর্মা, পশ্চিম জেলার মহিলা কনস্টেবল মৌচৈতি দেবনাথ, স্পেশাল ব্রাঞ্চের ইন্সপেক্টর সুমনউল্লাহ কাজী এবং গোমতি জেলার মহিলা ইন্সপেক্টর মাধবী দেববর্মা।

***************************

**Har Ghar Tiranga-Rally :**

হর ঘর তিরঙ্গা কর্মসূচির অঙ্গ হিসাবে আগামীকাল আগরতলায় রাজ্যভিত্তিক তিরঙ্গা র‍্যালি অনুষ্ঠিত হবে। র‍্যালিতে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা সহ বিশিষ্ট অতিথিগণ অংশ নেবেন। আগামীকাল বিকাল ৪টায় তিরঙ্গা র‍্যালি উজ্জয়ন্ত প্রাসাদের সামনে থেকে শুরু হয়ে শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে রবীন্দ্র শতবার্ষিকী ভবনে এসে শেষ হবে। এরপর বিকাল সাড়ে ৪টায় রবীন্দ্র শতবার্ষিকী ভবনের ১ নং হলে অনুষ্ঠিত হবে তিরঙ্গা কনসার্ট ও রবীন্দ্র শতবার্ষিকী ভবন প্রাঙ্গণে অনুষ্ঠিত হবে তিরঙ্গা মেলা। মেলা চলবে ১৩ই আগস্ট পর্যন্ত।

****************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৫.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭.২ ডিগ্রি সেলসিয়াস।

****************************